[redacted]

[redacted]

[redacted]

[

দর্শনা দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরি

চুয়াডাঙ্গার দর্শনায় দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। আজ শুক্রবার দুপুরে এ চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করছে তারেক আহম্মেদ।

অভিযোগ সুত্রে জানাযায় দর্শনা পৌরসভার দক্ষিনচাঁদপুর গ্রামের হাবিবুর রহমানের ছেলে তারেক আহম্মেদ ১৫০ সিসির পালসার মোটরসাইকেল যার ডিজিটাল নাং চুয়াডাঙ্গা ল ১১-৬৮৪৪ বাড়ির সামনে রিলিংয়ের ভিতর রেখে নামাজ পড়তে যায়।নামাজ পড়ে এসে দেখে তার ব্যাবহারকৃত মোটরসাইকেলটি আর নাই। পরে অনেক খুঁজাখুঁজি করে মোটরসাইকেলটির আর সন্ধান মেলেনি।

দর্শনায় হঠাৎ করে আবারো মোটরসাইকেল চোর চক্র সক্রিয় হয়ে উঠছে।গত ১ মাস আগেও দর্শনা মোহাম্মদপুর থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। কোন উপায়ন্ত না পেয়ে দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করেছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহা বলেন মোটরসাইকেল চুরির ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, এ বিষয়ে একটি সাধারন ডাইরি হয়েছে।একটি অভিযোগপত্র পাওয়া গেছে।তবে বিষয়টি তদন্ত করে চোরাই মোটরসাইকেল উদ্ধারে পুলিশি তৎপরতা চলছে।

দামুড়হুদাতে সড়ক দুর্ঘটনায় আহত ২: একজনকে রাজশাহী রেফার্ড

দামুড়হুদায় বন্ধুর ভাইয়ের বিয়ের ফুল কিনতে গিয়ে সড়ক দুর্ঘটনায় দুইজন আহত হয়েছেন। আজ শুক্রবার সকাল ১১টার দিকে উপজেলার কোমরপুর

ঈদগাহ নামক স্থানে এঘটনা ঘটে।আহতরা হলেন দামুড়হুদা উপজেলার জুড়ানপুর গ্রামের পূর্বপাড়ার আব্দুল মান্নান বিশ্বাসের ছোট ছেলে আইনুর বিশ্বাস(২৪) ও সুলতান আলীর ছোট ছেলে সিফাত হোসেন(১৭)। এর মধ্যে আইনুর বিশ্বাসের অবস্থা আশংকাজনক।

সড়ক দুর্ঘটনায় আহত সিফাত হোসেন জানায়, আমার বড় ভাই শামিম হোসেনের বিবাহ ছিল গতকাল। বরযাত্রীর গাড়ি ও বাসর ঘর সাজানোর জন্য ফুল কিনতে কার্পাসডাঙ্গা বাজারের উদ্দেশ্য দুলাভাই এর মোটরসাইকেল নিয়ে যায়। সাথে ছিল আইনুর বিশ্বাস নিজেই খুব দ্রুত চালাচ্ছিল মোটরসাইকেল, ফুল নিয়ে ফেরার পথে কার্পাসডাঙ্গা- দামুড়হুদা সড়কের কোমরপুর ঈদগাহর কাছাকাছি আসলে ইজিবাইক পাশ কাটিয়ে যায়। হটাৎ অপরদিক থেকে আসা পাওয়ারটিলার এর সাথে ধাক্কা লাগে ঘটনাস্থলেই ছিটকে পড়ে যায় দুজন। তারপর ঘটনাস্থলে জ্ঞান হারিয়ে ফেলি পরে আমার আর কিছু মনে নেই।

এদিকে সড়ক দুর্ঘটনার পরপরই স্থানীয়রা পরিবারের লোকজনকে খবর দেয়। পরিবারের লোকজন বিয়ের মাইক্রো নিয়ে দুজনকে দ্রুতই দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে দুজনকে। আহত আইনুর বিশ্বাসের অবস্থার অবনতি হলে তাৎক্ষণিক জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়ার পরামর্শ দেন। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে নেয়ার পর প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। মাথায় অতিরিক্ত জখম হওয়ায় জ্ঞান হারিয়ে ফেলে। পুনরায় শারীরিক অবস্থা খারাপের দিকে যেতে থাকায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালের চিকিৎসকরা রাজশাহীতে রেফার্ড করেন। এদিকে পরিবারের লোকজন জানান আহত সিফাত হোসেনের অবস্থার উন্নতি হওয়ায় প্রাথমিক চিকিৎসা শেষে বাড়িতে আনা হয়েছে। মারাত্মকভাবে মাথায় জখম হওয়া আইনুর বিশ্বাসকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে আইসিইউতে স্থানান্তর করা হয়েছে বলে জানান।

জীবননগরে আ.লীগের স্বতন্ত্র

দুই প্রার্থীর মনোনয়নপত্র জমা

মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিনে চুয়াডাঙ্গা-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে দুইজন মনোনয়ন জমা দিয়েছেন। তারা হলেন-চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি নজরুল মল্লিক ও জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল মালেক মোল্লা।

গতকাল বৃহস্পতিবার (৩০ নভেম্বর) বিকেল চারটার দিকে জীবননগর সহকারী রিটার্নিং কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হাসিনা মমতাজের কাছে তারা মনোনয়নপত্র জমা দেন। এসময় জীবননগর উপজেলা নির্বাচন কর্মকর্তা মেজর আহমেদ উপস্থিত ছিলেন।

জেলা আওয়ামী লীগের সহসভাপতি নজরুল মল্লিকের মনোনয়নপত্র জমা দেয়ার সময় তার সাথে উপস্থিত ছিলেন,খলিলুর রহমান,আঃ খাজা।

স্বতন্ত্র প্রার্থী আব্দুল মালেক মোল্লার মনোনয়নপত্র জমা দেয়ার সময় তার সাথে উপস্থিত ছিলেন,সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, সীমান্ত ইউপি সদস্য আব্দুল কুদ্দুস, জীবননগর বাজারের বিশিষ্ট ব্যবসায়ী মিকাইল ইসলাম পারুল প্রমুখ।

দর্শনা ফিলিং ষ্টেশনের নিকটে ব্যবসায়ীকে কুপিয়ে জখম

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা-জীবননগর সড়কের দর্শনা ফিলিং ষ্টেশনের নিকট জহির হোসেন(৪০) নামের এক কার্পাসডাঙ্গা বাজারের সাইকেল পার্টস ব্যবসায়ী কে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে রক্তাক্ত জখম করেছে দুর্বৃত্তরা। তার কাছে থাকা ২ লাখ ৯০ হাজার টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ করেছেন আহত জহির।

তিনি দামুড়হুদা উপজেলার দর্শনা থানার দুর্গাপুর পশ্চিম পাড়ার

শওকত আলী ছেলে। আজ বৃহস্পতিবার রাত সাড়ে ৭ টার দিকে দিকে দর্শনা-জীবননগর মহাসড়কের দর্শনা ফিলিংস্টেশনের নিকট এই ঘটনা ঘটে। তবে পুলিশ বলছে চাকরি দেওয়ার অথবা আদম বেপারী ঘটনায় টাকা লেনদেনের বিষয়ে এই ঘটনা ঘটতে পারে।

আহত জহির হোসেন বলেন,বৃহস্পতিবার সন্ধ্যার দিকে দর্শনা বাস স্ট্যান্ডে ২ লাখ ৯০ হাজার টাকা ব্যবসার জন্য নিয়ে আসে। এ সময় দর্শনা ফিলিং স্টেশনের নিকট পৌঁছালে তাকে ৫/৬ জন দুর্বৃত্তরা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। তার কাছে থাকা ২ লক্ষ্ ৯০ হাজার টাকা নিয়ে পালিয়ে যায় দৃর্বত্তরা।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে দর্শনা পুরাতন বাজারস্থ চিকিৎসকের কাছে নেওয়া হয়। তার ক্ষত স্থানে ১৯ টি সেলাই দেওয়া হয়। পরে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার করা হয়।

খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে আসেন দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি)বিপ্লব কুমার সাহা ঘটনাস্থল পরিদর্শন করে। ওসি বলেন প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে চাকরি দেয়ার ব্যাপারে টাকা সংক্রান্ত অথবা আদম বেপারীর ঘটনার টাকা নেওয়া জের ধরে এই ঘটনা ঘটতে পারে।

চুয়াডাঙ্গা-১ ও ২ আসনে ২০ জনের মনোনয়ন ফরম জমা

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা -১ ও চুয়াডাঙ্গা – ২ আসনে মোট ২০ জনের মনোনয়ন ফরম জমা পড়েছে। মনোনয়ন ফরম জমা দেওয়ার শেষ তারিখ ছিল বৃহস্পতিবার (৩০ নভেম্বর) । শেষ দিনে চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং অফিসার ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে মনোনয়ন ফরম জমা দিতে আসে চুয়াডাঙ্গা ১ ও ২ আসনের সংসদ সদস্য পদপ্রার্থীরা । মোট ২৩ জন মনোনয়ন ফরম উত্তোলনের মধ্যে ২০ জন শেষ দিনে মনোনয়ন ফরম জমা দিতে পেরেছেন। শেষ দিনে সকাল থেকে বিকাল চারটা পর্যন্ত চলে মনোনয়ন জমা দেওয়ার কার্যক্রম।

এদিকে সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা-১ আসনের বর্তমান সংসদ সদস্য চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন নেতাকর্মীদের সাথে নিয়ে মনোনয়নপত্র জমা দেন। এ আসনের আরও ৫ জন আওয়ামী লীগ নেতা স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন। তারা হলেন, দিলীপ কুমার আগরওয়ালা, এম এ রাজ্জাক খান, আফরোজা পারভীন, শেখ সামসুল আবেদিন খোকন ও এম শহিদুর রহমান। অপরদিকে একই আসন থেকে অন্য দলের মধ্যে মনোনয়ন পত্র দাখিল করেছেন জাতীয় পার্টির চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাড. সোহরাব হোসেন, এনপিপি’র (ন্যাশনার পিপলস্ পার্টি) কেন্দ্রীয় মহাসচিব ইদ্রিস চৌধুরী, জাকের পার্টির মনোনীত প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন সালাম উদ্দিন ও তৃণমূল বিএনপির প্রার্থী তাইজেল হক ।

চুয়াডাঙ্গা-২ আসনে মনোনয়ন ফরম জমা দিয়েছেন ১০ জন। এর মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী চুয়াডাঙ্গা-২ আসনের বর্তমান সংসদ সদস্য আলী আজগার টগর মনোনয়নপত্র জমা দেন। এছাড়া এ আসন থেকেও আওয়ামী লীগের ৫জন স্বতন্ত্র হিসেবে ভোট করতে মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন, হাশেম রেজা, নুর হাকিম, মীর্জা শাহারিয়ার মাহমুদ, নজরুল মল্লিক ও আব্দুল মালেক মোল্লা। অপরদিকে এ আসনে অন্য দলে মধ্যে মনোনয়নপত্র দাখিল করেছেন জাতীয় পার্টির জেলা শাখার সাধারণ সম্পাদক অ্যাড. রবিউল ইসলাম, জাকের পার্টির চুয়াডাঙ্গা জেলার সভাপতি আব্দুল লতিফ খান, জাতীয় সমাজ তান্ত্রিক দল (জাসদ) নেতা দেওয়ান ইয়াছিন উল্লাহ, এনপিপি’র (ন্যাশনার পিপলস্ পার্টি) কেন্দ্রীয় মহাসচিব ইদ্রিস চৌধুরী।

আলমডাঙ্গায় তৃণমূল বিএনপিসহ ৩ স্বতন্ত্র প্রার্থীর মনোনয়নপত্র জমা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে তৃনমুল বিএনপি সহ ৩ স্বতন্ত্র প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার সময় তৃনমুল বিএনপির প্রার্থী সাবেক সেনা সদস্য তাজুল ইসলাম তার সমর্থকদের নিয়ে রিটানিং কর্মকর্তা স্নিগ্ধা দাসের নিকট মনোনয়ন পত্র জমা দেন।

এরপর স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম সহিদুর রহমান স্ব-স্ত্রীক মনোনয়ন পত্র জমা দান করেন। এ সময় উপস্থিত ছিলেন সাবেক ব্যাংক ম্যানেজার আব্দুল জব্বার, সাবেক সেনা কর্মকর্তা আবু আব্দুলালাহ, বকুল হোসেন,বাচ্চু রহমান ,সাবেক কৃষি কর্মকর্তা আব্দুল মোতালেব খান।

এরপূূবে তিনি কর্মি সমর্থক নিয়ে ভ্যানযোগে মিছিলসহকারে উপজেলা নির্বাচন অফিস প্রাঙ্গণে আসেন। সে সময় উপস্থিত ছিলেন নজরুল ইসলাম,রাসেদুল ইসলাম,রেজাউল ইসলাম, মহিলা নেত্রী রোজিনা আক্তার,রবিউল ইসলাম,মজিরুন্নেছা,সোনিয়া আক্তার,লিজা খাতুন,তারিকুজ্জামান,সীতল আহমেদ, আকরাম হোসেন,ওমর ফারুক,গোমর আলী ওরফে নায়ক,আনছার আলী,আজগর আলী প্রমুখ। বিকেলে কেন্দ্রীয় আওয়ামীযুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার ও সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান শেখ সামসুল আবেদীন খোকন আলমডাঙ্গায় মনোনয়ন পত্র জমা দিয়েছেন। তিনি তার সমর্থকদের নিয়ে রির্টানিং কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের নিকট মনোনয়ন পত্র জমাদেন।

এসময় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগের কর্যনির্বাহী কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,পৌর কাউন্সিলর আশরাফুল হক বাবু,খাইরুল বাসার বাবলু,শেখ শাহনুর রহমান টিপু,হাবিবুর রহমান রুবেল।এছাড়াও তার সমর্থকদের মধ্যে আরো উপস্থিত ছিলেন সালে আক্রাম,শেখ রুবেল,জেলা ছাত্রলীগ নেতা ইমতিয়াজ নিপ্পন,ছাত্রলীগ নেতা শাহরিয়র তপু,সাকিল আহমেদ,সাবাবির রহমান,মাসুম বিল্লাহ,মিঠু প্রমুখ।

চুয়াডাঙ্গা-১ আসনের নৌকা

প্রার্থী ছেলুনের মনোনয়ন পত্র দাখিল

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী সোলায়মান জোয়ার্দার ছেলুন আলমডাঙ্গা নির্বাচন অফিসে মনোনয়ন পত্র দাখিল করেছেন।

আজ বেলা ১২ টার দিকে দলীয় নেতা কর্মি সাথে নিয়ে সহকারি রির্টানিং কর্মকর্তা স্নিগ্ধা দাসের কাছে মনোনয়ন পত্র জমাদেন। এসময় উপজেলা নির্বাচন কর্মকর্তা, জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন,সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান,উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন।

এর পুর্বে এমপি প্রার্থী সোলায়মান হক জোয়ার্দার ছেলুন আলমডাঙ্গায় পৌছালে নেতা কর্মিরা তাকে বাদ্যযন্ত্র বাজিয়ে ফুলেল শুভেচ্ছায় শিক্ত করেন।

এ সময় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন,সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান,মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম খান,উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা,সম্পাদক আব্দুল কাদের,জেলা যুবলীগের সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু,মতিয়ার রহমান ফারুক,যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,সপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, ভাংবাড়িয়া ইউপি চেয়ারম্যান সোহানুর রহমান সোহান,মোজাদিদুর রহমান জোয়ার্দার লোটাস, হারদীর আসিকুজাজামান ওল্টু,কুমারি আবু সাইদ পিন্টু, গাংনীর মুন্সি ইমদাদুল হক, কালিদাশপুর আসাদুল হক মিকা, ডাউকির তরিকুল ইসলাম,বেলগাছির মাহমুদুল হাসান চঞ্চল, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক সিরাজুল ইসলাম, আবাদুল মালেক, আবু তাহের, জয়নাল আবেদীন, কামরুজ্জামান শামিম, জামজামির দিদার আলী, শাহনুর রহমান, বাবলু

চৌধুরি, সোহেল রানা শাহেন, কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, আব্দুল্লাহ আল হুসাইন, রকি, সাকিব, অটল, হাসান, সৈয়কত খান প্রমুখ।

আলমডাঙ্গায় ধান মাড়াই মেশিনের পাখার আঘাতে শিশুর মৃত্যু

আলমডাঙ্গায় ধান মাড়াই মেশিনের পাখার আঘাতে চার বছরের এক শিশু নিহত হয়েছে। নিহত শিশুর নাম আফিয়া জাহান। সে উপজেলার ডাউকি ইউনিয়নের বিনেতপুর কলোনিপাড়া এলাকার নুর মোহাম্মদ টিপুর মেয়ে।

আজ বুধবার দুপুরে আলমডাঙ্গা উপজেলার বিনেতপুর এলাকায় এই দুর্ঘটনা ঘটে। শিশুটি চিকিৎসাধীন অবস্থায় বিকেল সাড়ে ৪ টার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

স্থানীয়রা জানান, আজ বুধবার দুপুরে শিশু আফিয়া জাহান বাড়ির পাশে মুদি দোকানে খাদ্যসামগ্রী কিনতে যায়। এসময় বাড়ির সন্নিকটে রাস্তার পাশে শ্যালো ইঞ্জিন চালিত মেশিন দিয়ে ধান মাড়াইয়ের কাজ চলছিল। অজান্তে শিশুটি মেশিনের কাছে এলে পাখার আঘাতে রক্তাক্ত জখম হয়। পরিবারের লোকজন উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি ক্লিনিকে, পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেবার পথেই শিশুটির মৃত্যু হয়।

বিনেতপুর গ্রামের ইউপি সদস্য বদরউদ্দিন জানান, শিশু আফিয়া খেলার ছলে ধান মাড়াই মেশিনে কাছে যায়। মেশিনের পাখার আঘাতে গুরুত্বর আহত হলে কুষ্টিয়া নিলে চিকিৎসাধীন অবস্থায় শিশুর মৃত্যু হয়।

বিষয়টি নিশ্চিত করে কুষ্টিয়া সদর থানার ওসি সোহেল রানা জানান, শিশুটির লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। শিশুর পিতা বাদি হয়ে থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করেছে।

চুয়াডাঙ্গায় বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উদযাপনের প্রস্তুতিমূলক সভা

চুয়াডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আসন্ন ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর সূর্যোদয়ের সাথে সাথে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে অবস্থিত শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ। সকাল আটটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। পরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অবস্থিত মুক্ত মঞ্চে আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। ওইদিন সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং করা হবে। হাসপাতাল, এতিমখানায় বিশেষ খাবার পরিবেশন করা হবে। বাদ জোহর দেশের শান্তি ও অগ্রগতি এবং সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে শহরের বিভিন্ন মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধাজনক সময়ে মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে। জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সমন্নয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

পরে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভায় সকলের সিদ্ধান্ত মোতাবেক দিবসটি যথাযথ মর্যাদায় ও নানা

কর্মসূচীর মধ্য দিয়ে পালন করা হবে।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়া, সহ সকল সরকারি দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক, সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।